

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়  
প্রশাসন-২ অধিশাখা

বিষয়: স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৪ তম শাহাদত বার্ষিকী যথাযোগ্য মর্যাদায় পালনের লক্ষ্যে গৃহিত কর্মসূচি বাস্তবায়নের নিমিত্ত ফলো-আপ সভার কার্যবিবরণী

তারিখ: ০৪/০৮/২০১৯খ্রি:  
সময়: ১১.০০ ঘটিকায়  
স্থান: মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় এর সম্মেলন কক্ষ  
(কক্ষ নং-৫১০ ও ৫১২, ভবন ৬, বাংলাদেশ সচিবালয়, ঢাকা)।  
সভাপতি: কাজী ওয়াহিদ উদ্দিন, অতিরিক্ত সচিব (সচিব এর রুটিন দায়িত্বে)  
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়।  
সভায় উপস্থিতি (পতাকা-ক)

২। সভার প্রারম্ভে সভাপতি সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙ্গালি এবং স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা জ্ঞাপন করেন এবং উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভায় ১৫ আগস্টের শোকাবেহ ঘটনায় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান, তাঁর পরিবারের সদস্যসহ শাহাদত বরণকারী সকলের বিদেহী আত্মার শান্তি কামনা করা হয়।

৩। সভাপতির অনুমতিক্রমে পূর্ববর্তী ২৪/০৭/২০১৯ তারিখে মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রীর সভাপতিত্বে অনুষ্ঠিত সভার সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি অতিরিক্ত সচিব (প্রশাসন) সভায় অবহিত করেন। অতপর: এ মন্ত্রণালয়ের আওতাধীন সংস্থা প্রধানগণ মাঠপর্যায়ের বাস্তবায়ন অগ্রগতি সভায় উপস্থাপন করেন। ১৫ আগস্ট ২০১৯ তারিখ সকাল ৮.০০ ঘটিকায় ৩২ নং ধানমন্ডিস্থ বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘরে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণের নিমিত্ত জমায়েতের জন্য কলাবাগানস্থ লাজফার্মার সামনে জমায়েত হওয়ার জন্য সভায় সিদ্ধান্ত গ্রহণ করা হয়। বিস্তারিত আলোচনা শেষে নিম্নে বর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয় :

ক্র. নং	সিদ্ধান্ত	বাস্তবায়ন
১.	সকাল ৮.০০ ঘটিকায় ৩২ নং ধানমন্ডিস্থ বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘরে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণের নিমিত্ত কলাবাগানস্থ লাজফার্মার সামনে সকলকে জমায়েত হতে হবে এবং উক্ত পুষ্পস্তবক অর্পণ এর শেষে সকল ১১.০০ ঘটিকার সময় মৎস্য ভবনের সম্মেলন কক্ষে আলোচনা ও দোয়া মাহফিলে অংশগ্রহণ করতে হবে।	মন্ত্রণালয়
২.	বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৪তম শাহাদত বার্ষিকী'তে উপস্থিতি, তবারক এবং ব্যানারসহ সকল প্রস্তুতি ঈদের ছুটির আগেই ব্যবস্থা গ্রহণ করতে হবে।	সংশ্লিষ্ট উপ-কমিটি
৩.	২৪/০৭/২০১৯ তারিখে এ মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রীর সভাপতিত্বে অনুষ্ঠিত গৃহীত কর্মসূচি/সিদ্ধান্তসমূহ যথাযথভাবে বাস্তবায়ন নিশ্চিত করতে হবে।	অধিদপ্তর/দপ্তর/ সংস্থা/প্রতিষ্ঠান
৪.	বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৪তম শাহাদত বার্ষিকী'তে জেলা/উপজেলা পর্যায়ের কর্মকর্তা ও কর্মচারীর উপস্থিতি নিশ্চিত করতে এবং অনুপস্থিতির তালিকা প্রস্তুত করতে এবং মন্ত্রণালয়কে অবহিত করতে হবে। এ মন্ত্রণালয়ের আওতাধীন বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান/ট্রেনিং ইনস্টিটিউটে নিজেদের মত করে কর্মসূচি গ্রহণ করতে হবে।	অধিদপ্তর/দপ্তর/ সংস্থা/প্রতিষ্ঠান

৫.	বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৪তম শাহাদত বার্ষিকী জাতীয় শোক দিবসে জাতীয় পতাকা যথাবিধান মোতাবেক এ মন্ত্রণালয়ের আওতাধীন বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান/ট্রেনিং ইনস্টিটিউটে অর্ধনমিত রাখতে হবে।	অধিদপ্তর/দপ্তর/ সংস্থা/প্রতিষ্ঠান
----	---	--------------------------------------

৪। পরিশেষে, সভাপতি আসন্ন জাতীয় শোক দিবসটি যথাযোগ্য মর্যাদায় পালনের জন্য সকলকে আহ্বান জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-০৪/০৮/২০১৯

(কাজী ওয়াছি উদ্দিন)

অতিরিক্ত সচিব (সচিব এর বুটিন দায়িত্বে)


মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়

নং-৩৩.০০.০০০০.১০৮.২৮.০০৮.১৮-৯২৬

তারিখ : ০৪/০৮/২০১৯

অনুলিপিঃ কার্যার্থে ও জ্ঞাতার্থে (জৈষ্ঠতার ভিত্তিতে নয়):-

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। চেয়ারম্যান, বাংলাদেশ মৎস্য উন্নয়ন কর্পোরেশন, তেজগাঁও, ঢাকা।
- ৩। অতিরিক্ত সচিব (প্রশাসন/প্রাণিসম্পদ-২), মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, ঢাকা।
- ৪। যুগ্মসচিব (সকল), মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, ঢাকা।
- ৫। যুগ্মপ্রধান, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, ঢাকা।
- ৬। মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, ঢাকা।
- ৭। মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর, খামার বাড়ী সড়ক, ফার্মগেইট, ঢাকা।
- ৮। মহাপরিচালক, বাংলাদেশ মৎস্য গবেষণা প্রতিষ্ঠান, ময়মনসিংহ।
- ৯। মহাপরিচালক, বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা প্রতিষ্ঠান, সাভার, ঢাকা।
- ১০। উপপরিচালক (যুগ্মসচিব), মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তর, মৎস্য ভবন, ঢাকা।
- ১১। প্রতিমন্ত্রীর একান্ত সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় (প্রতিমন্ত্রী মহোয়ের অবগতির জন্য)।
- ১২। অধ্যক্ষ, মেরিন ফিশারিজ একাডেমি, চট্টগ্রাম।
- ১৩। সচিব এর একান্ত সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় (সচিব মহোদের অবগতির জন্য)।
- ১৪। রেজিস্ট্রার, বাংলাদেশ ভেটেরিনারি কাউন্সিল, কাজী আলাউদ্দিন রোড, ঢাকা।
- ১৫। সিস্টেম এনালিস্ট, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়।
- ১৬। প্রোগ্রামার, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়।
- ১৭। সিনিয়র তথ্য কর্মকর্তা, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়।
- ১৮। অফিস কপি।

  
(মো: গোষাাক মোস্তফা)  
উপসচিব  
ফোন: ৯৫৪৬৪৮০